



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯-১৫৭

তারিখ: ০১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

বিষয় : চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনের তফসিল অনুসারে ২৯ মার্চ ২০২০ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের দিন অর্থাৎ ২৯ মার্চ ২০২০ তারিখ বেলা ১.০০ টার পর হতে দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর সীমিত আকারে নিষেধাজ্ঞা আরোপের প্রয়োজন হবে:


- | | | |
|--------------------------------------|------------|-------------------------------------|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৮) ট্রাক | |
| (৪) জীপ | (৯) টেম্পো | |

২। সেই সাথে ২৭ মার্চ ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ৩০ মার্চ ২০২০ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। ভোটগ্রহণের দিন বেলা ১.০০ টা পর্যন্ত চট্টগ্রাম মহানগরস্থ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থা খোলা রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। ফলে ভোটগ্রহণের দিন বিভিন্ন অফিস/প্রতিষ্ঠানে যাওয়া ও অফিস শেষে বাড়ীতে ফিরে আসা অথবা ভোটাধিকার প্রয়োগের সুবিধার্থে যান চলাচল স্বাভাবিক রাখা বা ভোটকেন্দ্রে যাওয়ার জন্য সীমিত আকারে বাস, মাইক্রোবাস, অফিসের জীপ, কার, স্টাফ বাস ইত্যাদি চলাচলের সুযোগ দিতে হবে, ক্ষেত্র বিশেষ নিষেধাজ্ঞা শিথিল করার প্রয়োজন হবে।

৪। তাছাড়া যানবাহন চলাচলে উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য হবে। নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পথ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৫। বর্ণিতাবস্থায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে উল্লিখিতরূপ নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯-১৫৭

তারিখ: ০১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ডিডিপি/ডিজিএফআই/এনএসআই/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৯. উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
১৬. পুলিশ সুপার, চট্টগ্রাম
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, চট্টগ্রাম
১৯. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২১. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. উপজেলা নির্বাচন অফিসার/থানা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট)
২৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সংশ্লিষ্ট থানা)।


(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা

ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮